

মাদুরো সরকারকে উৎখাতের মদতদাতা মার্কিন সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে সোচ্চার হোন



মাদুরো সরকারকে উৎখাতের চক্রান্তের লিগু সাম্রাজ্যবাদের
বিরুদ্ধে বাম জোটের প্রতিবাদ বিক্ষোভ

ভেনেজুয়েলার নির্বাচিত মাদুরো সরকারকে সামরিক ক্যু'র মাধ্যমে উৎখাতে লিগু সে দেশের অভ্যন্তরে তথাকথিত বিরোধীগোষ্ঠী এবং তাদের মদতদাতা মার্কিন সাম্রাজ্যবাদ ও পশ্চিমা শক্তির বিরুদ্ধে বাংলাদেশসহ বিশ্ববাসীকে সোচ্চার হওয়ার আহ্বান জানিয়ে ৩ মে জাতীয় প্রেসক্লাবের সামনে বাম গণতান্ত্রিক জোট সমাবেশ ও বিক্ষোভ মিছিলের আয়োজন করে। সমাবেশে সভাপতি করেন বাম জোটের সমন্বয়ক ও বাসদ নেতা বজলুর রশীদ ফিরোজ। সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বাম জোট নেতা সিপিবি সাধারণ সম্পাদক কমরেড মোঃশাহ আলম, বিপ্লবী ওয়ার্কার্স পার্টি সাধারণ সম্পাদক কমরেড সাইফুল হক, বাসদ (মার্কসবাদী) নেতা কমরেড মানস নন্দী, বাংলাদেশ ইউনাইটেড কমিউনিস্ট লীগ নেতা কমরেড নজরুল ইসলাম। সভা পরিচালনা করেন বাসদ নেতা ও বাম গণতান্ত্রিক জোট ঢাকা মহানগর শাখার সমন্বয়ক খালেকুজ্জামান লিপন।

সমাবেশে নেতৃবৃন্দ স্বাধীন সার্বভৌম ভেনেজুয়েলার নির্বাচিত প্রেসিডেন্ট মাদুরোর সরকার ক্ষমতায় থাকা অবস্থায় সেখানে মার্কিন মদদে বিরোধী নেতা হুয়ার গুইদে নিজেকে রাষ্ট্রপতি ঘোষণা দেয়া এবং সামরিক বাহিনীকে ক্যু'র মাধ্যমে মাদুরো সরকারকে উৎখাত করার প্রকাশ্য ঘোষণা দেওয়ার পরও জাতিসংঘের নীরব ভূমিকা নিন্দনীয়।

নেতৃবৃন্দ বলেন, মার্কিন যুক্তরাষ্ট্র গণতন্ত্র ও মানবাধিকার রক্ষার কথা বলে—এটা একটা ধোঁকা ও প্রতারণা। বিগত দিনে গণতন্ত্র ও মানবাধিকার রক্ষার নামে মার্কিনীদের নেতৃত্বে ইরাক, লিবিয়া, সিরিয়ার ধ্বংসযজ্ঞের পর এখন দৃষ্টি দিয়েছে ভেনেজুয়েলায়।

নেতৃবৃন্দ বলেন, মার্কিনীদের সাজানো বুলি—ভেনেজুয়েলায় গণতন্ত্র নাই, মানবাধিকার নাই, সুষ্ঠু নির্বাচন হয় নাই, নির্বাচন নিয়ে প্রশ্ন আছে। একারণে প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোকে ক্ষমতা থেকে উৎখাত করার এই মহান দায়িত্ব স্বেচ্ছায় কাঁধে নিয়ে ট্রাম্প চক্রান্তের জাল বিছিয়ে বাণিজ্য অবরোধ, অর্থনৈতিক নানা নিষেধাজ্ঞা আরোপ করছে। ভেনেজুয়েলার তেল বিক্রির টাকা জমা হতো ডলারে মার্কিনী ব্যাংকে। ভেনেজুয়েলার এই টাকা তারা স্বাঘোষিত প্রেসিডেন্ট হুয়ান গুইদোকে দেয়ার ঘোষণা দেয়। এবং এই টাকা হাতে পেলে তা সরকারবিরোধী আন্দোলনে ব্যয়ের ইচ্ছার কথা জানিয়েছে হুয়ান গুইদো।

সাম্রাজ্যবাদী শক্তির হাতের মুঠোর বাইরে থাকা ভেনেজুয়েলায় তেলের মজুদ সৌদি আরবের চাইতেও বেশি, বিশ্বের নবম বৃহত্তম গ্যাস মজুত আছে এ দেশে। এছাড়াও এদেশ লোহা, বক্সাইট, সোনা, নিকেল, হীরায় সমৃদ্ধ। এই সকল সম্পদের ওপর দখল এবং শাসকদের উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার জন্যই মার্কিনসহ সাম্রাজ্যবাদী শক্তিসমূহ নানা ধরনের চক্রান্ত চালিয়ে যাচ্ছে, বিরোধ উসকিয়ে দিচ্ছে, সন্ত্রাসী তৈরি করে তাদের হাতে অস্ত্র তুলে দিচ্ছে, কাড়ি কাড়ি টাকা চালছে। প্রচার যন্ত্রের মাধ্যমে মিথ্যা বিভ্রান্তি ছড়াচ্ছে জনগণের মধ্যে। প্রশাসন এবং সেনাবাহিনীর মধ্যে দালাল তৈরি করে নির্বাচিত সরকার এবং দেশের বিরুদ্ধে দাঁড় করিয়ে দিচ্ছে। কিছু সেনাসদস্যকে দিয়ে সম্প্রতি হুয়ান

গুয়াইদোর পক্ষে সামরিক অভ্যুত্থানের চেষ্টা করেছে। মার্কিন প্রচেষ্টায় ভ্রান্ত বিপথগামী সেনাদের অভ্যুত্থান চক্রান্ত ব্যর্থ করে দিয়েছে মাদুরো সরকার।

নেতৃত্ব বলেন, ভেনেজুয়েলার সরকারে কে থাকবে, রাষ্ট্রপতি কে হবে তা নির্ধারণ করবে সে দেশের জনগণ। অন্য কোন দেশের হস্তক্ষেপ বা হুমকি-ধামকি, দস্যুতা, অবৈধ কু্য কোনভাবেই গণতন্ত্রকামী বিশ্ববাসীর কাম্য নয়। ভেনেজুয়েলার সার্বভৌমত্ব রক্ষায় সে দেশের দেশপ্রেমিক জনগণই নিয়ামক শক্তি। ফলে ভেনেজুয়েলার জনগণ যে আজ রুখে দাঁড়িয়েছেন তাদের পাশে দাঁড়ানো বিশ্বের প্রতিটি গণতন্ত্রমনা মানুষের দায়িত্ব।